

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭০০

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবস অনুষ্ঠানে অংশ নেবেন রাজ্যের ৭ জন মৎস্যচাষি

নয়াদিল্লিতে ৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রিত হয়েছেন রাজ্যের ৭ জন মৎস্যচাষি। ভারত সরকারের মৎস্য, প্রাণীপালন ও দুগ্ধ উৎপাদন মন্ত্রণালয়ের পক্ষ থেকে তাদের নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবস অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। এই ৭ জন মৎস্যচাষি প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার সুবিধাভোগী। ৭ জন মৎস্যচাষি ও তাদের পরিবারের সদস্য সহ মোট ১০ জন নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবস অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
